

## সরিষাবাড়ীতে শ্রেণীকক্ষে ছাত্রকে ছুরিকাঘাত : শিক্ষিকা লাঞ্চিত

সরিষাবাড়ী প্রতিনিধি

ছাত্রছাত্রীদের উৎসাহ প্রদানের প্রতিবাদে করায় শ্রেণীকক্ষে হামলা চালিয়ে ৮ম শ্রেণীর ছাত্রকে ছুরিকাঘাত ও এক শিক্ষিকাকে লাঞ্চিত করেছে বহিরাগত সন্ত্রাসীরা। ওরতর আহত ৮ম শ্রেণীর ছাত্র সোহাগকে গোপালপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর প্রতিবাদে সন্ত্রাসীদের শাস্তির দাবিতে শিক্ষার্থীরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন ঘোষণা করেছে। এ ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুর রশিদ বাদী হয়ে সন্ত্রাসী মজনু মিয়া, আশিকুর রহমান ও ওভ বিয়াকে আসামি করে থানায় হাফসা করেছেন। রোববার সকালে জামালপুরের সরিষাবাড়ী উপজেলার পিনো ইউনিয়নের বাসুরিয়া শামছোয়াহার উচ্চ বিদ্যালয়ে ওই ঘটনা ঘটে। বিদ্যালয় সূত্রে জানা যায়, স্থানীয় চিহ্নিত একদল বখাটে যুবক দীর্ঘদিন ধরে ছুদপড়িয়া ছাত্রীদের রাতায় ও বিদ্যালয় ক্যাম্পাসে নানা কৌশলে উত্ত্যক্ত করে আসছে। এ

বখাটাদের উৎসাহে ছাত্রছাত্রী এবং অভিভাবকরা অতিষ্ঠ হয়ে পড়েছে। ফলে তাদের বিরুদ্ধে প্রতিবাদসহ প্রশাসনের কাছে একাধিক অভিযোগও দেয়া হয়েছে। কিন্তু দিনে দিনে বখাটেরা আরও বেপরোয়া হয়ে উঠেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুর রশিদ জানান, সরকারি নীতিমালা অনুযায়ী দীর্ঘদিন ধরে সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত দুই ঘণ্টা বিশেষ ব্যবস্থায় ছাত্রছাত্রীদের অতিরিক্ত ক্লাস নেয়া হয়। রোববার সকাল ৮টায় ক্লাস চলাকালে বখাটে যুবক মজনু মিয়া, আশিকুর রহমান, ওভ মিয়া বিদ্যালয় ক্যাম্পাসে হেঁচকের মাধ্যমে ত্রাস সৃষ্টি করে। এ সময় শিক্ষক-শিক্ষার্থীরা তাদের বাধা দেয়। এতে আরও ফুর হয়ে উঠে ওই বখাটেরা। এর একপর্যায়ে বখাটে যুবকরা শ্রেণীকক্ষে সন্ত্রাসী হামলা চালিয়ে ৮ম শ্রেণীর ছাত্র সোহাগের পেটে ছুরিকাঘাত করে এবং ক্লাস শিক্ষিকা মাঝিনা ইয়াসমিনকে শারীরিক লাঞ্চিত করে চলে যায়।